

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
[মূসক-মনিটরিং, পরিসংখ্যান ও সমন্বয় শাখা]  
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৭৫.০৬.০০১.১৪

তারিখঃ /০৭/২০১৫ খ্রিঃ।

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থবছরের রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকৌশল।

২০১৫-১৬ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ডের মূসক অনুবিভাগের অনুকূলে ৬৩,৯০২ কোটি টাকা রাজস্ব লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। এই সুবিপুল লক্ষ্যমাত্রা আদায়ের জন্য একটি কার্যকর ও টেকসই কর্মকৌশল প্রণয়ন প্রয়োজন। এই লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ কর্মকৌশল প্রণয়ন করেছে। জাতীয় রাজস্ব বোর্ড আশা করে এই কর্মকৌশল প্রয়োগ করে মূল্য সংযোজন করের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ নিজ নিজ দপ্তরসহ সামগ্রিকভাবে জাতীয় রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে সফলকাম হবেন।

বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan)  
প্রথম অংশ

ক্রমিক নং	কৌশলগত লক্ষ্য	কার্যক্রম/কর্ম	বাস্তবায়নকারী	বাস্তবায়ন সময়কাল	তদারককারী	মাইলস্টোন/পারফরম ্যান্স নির্ণায়ক	বাস্তবায়নে সহায়তাকারী	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)

ক) বাজেট প্রস্তাবনার প্রেক্ষিতে গৃহীতব্য পদক্ষেপ

১	নতুন খাতের প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত	Credit Rating Agency এর তালিকা প্রস্তুত	কমিশনার ও বিভাগীয় কর্মকর্তা	২৫ আগস্ট	কমিশনার, অতিরিক্ত কমিশনার	২০১৫-১৬ অর্থবছরের বাজেট নির্দেশনা প্রতিপালন		কমিশনার ও তার অধীনস্থ প্রত্যেক লাইন কর্মকর্তাকে আলাদাভাবে করতে হবে।
২	নতুন খাতের প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত	যে সকল প্রতিষ্ঠানের টার্নওভার ১ কোটি টাকার বেশি সে সকল প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত	কমিশনার	২৫ আগস্ট	কমিশনার	২০১৫-১৬ অর্থবছরের বাজেট নির্দেশনা প্রতিপালন	যুগ্ম কমিশনার, উপ- কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	কমিশনার ও তার অধীনস্থ প্রত্যেক লাইন কর্মকর্তাকে আলাদাভাবে করতে হবে।
৩	ট্যারিফ মূল্য ভিত্তিক পণ্যের রাজস্ব আদায় বিবরণী	বাজেটে যে সকল পণ্যের ট্যারিফ মূল্য বৃদ্ধি করা হয়েছে সে সকল পণ্যের ক্ষেত্রে (প্রতিষ্ঠানওয়ারী, পণ্যভিত্তিক) জুন মাসে কি পরিমাণে রাজস্ব আদায় হয়েছে তার বিবরণী;	কমিশনার	২৫ আগস্ট	কমিশনার	২০১৫-১৬ অর্থবছরের বাজেট নির্দেশনা প্রতিপালন		কমিশনার ও তার অধীনস্থ প্রত্যেক লাইন কর্মকর্তাকে আলাদাভাবে করতে হবে।

৪	যোগানদার সেবা খাতে রাজস্ব আদায়	যোগানদার সেবার ক্ষেত্রে ৪% হতে ৫% উৎসে কর বৃদ্ধির কারণে রাজস্ব আদায়ের তুলনামূলক বৃদ্ধির তথ্য সংগ্রহ	কমিশনার/বিভাগীয় কর্মকর্তা	২৫ আগস্ট	কমিশনার	২০১৫-১৬ অর্থবছরের বাজেট নির্দেশনা প্রতিপালন	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	
৫	নতুন খাতের প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত	বেসরকারী বিশ্ববিদ্যালয়, বেসরকারী মেডিক্যাল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজ এর টিউশন ফি এর উপর মুসক আদায়	কমিশনার	২৫ আগস্ট	কমিশনার	২০১৫-১৬ অর্থবছরের বাজেট নির্দেশনা প্রতিপালন	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা	
৬	বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত স্থান ও স্থাপনার মুসক	বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত স্থান ও স্থাপনার মুসক অব্যাহতির আয়তন সীমা ৩০০ বর্গফুটের পরিবর্তে ১৫০ বর্গফুট নির্ধারণ করায় এ খাত থেকে অতিরিক্ত রাজস্ব আদায়ের মাস ভিত্তিক তথ্য ;	কমিশনার	১২ আগস্ট	কমিশনার	২০১৫-১৬ অর্থবছরের বাজেট নির্দেশনা প্রতিপালন	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	
৭	বিড়ি ও সিগারেট খাতের রাজস্ব	বিড়ি ও সিগারেট খাতে আদায়কৃত রাজস্বের বিবরণী (প্রতিষ্ঠানের নাম, ব্রান্ডের নাম, বিক্রিত শলাকার সংখ্যা ও রাজস্ব)	কমিশনার ও বিভাগীয় কর্মকর্তা	১৬ আগস্ট	কমিশনার	বিবরণী প্রস্তুত ও রাজস্ব আদায়	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা,	
৮	মোবাইল সেবা খাতের রাজস্ব	মোবাইল সেবার ক্ষেত্রে সিম/রিম ব্যবহারের মাধ্যমে প্রদত্ত সেবার বিপরীতে আদায়কৃত সম্পূরক শুল্কের তথ্য (মাস ভিত্তিক, প্রতিষ্ঠান ওয়ারী)	কমিশনার	১৬ আগস্ট	কমিশনার	প্রতিবেদন প্রস্তুত ও রাজস্ব আদায়	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা	
৯	বিমান টিকেটের উপর আবগারী শুল্ক	জুন/২০১৫ মাসের বিমান টিকেটের উপর আদায়কৃত আবগারী শুল্কের বিবরণ (বিমান সংস্থার নাম, যাত্রীর সংখ্যা ও আদায়কৃত শুল্কের পরিমাণ)	কমিশনার	২৫ আগস্ট	কমিশনার	প্রতিবেদন প্রস্তুত ও রাজস্ব আদায়		

১০	ব্যাংক হিসাবের উপর প্রযোজ্য আবগারী শুল্ক	ব্যাংক হিসাবের উপর প্রযোজ্য আবগারী শুল্কের বিবরণ (ব্যাংকের নাম, হিসাব সংখ্যা ও রাজস্ব)	কমিশনার	১২ আগস্ট	কমিশনার	প্রতিবেদন প্রস্তুত ও রাজস্ব আদায়	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা	
১১	পাইকারী, খুচরা ব্যবসায়ী	পাইকারী, খুচরা ব্যবসায়ী ও দোকানদার এর উপর প্যাকেজ ভ্যাট বৃদ্ধির কারণে অতিরিক্ত আদায়কৃত মূসকের পরিমাণ নির্ধারণ;	কমিশনার	১২ আগস্ট	কমিশনার	প্রতিবেদন প্রস্তুত ও যথাযথ পরিমাণ রাজস্ব আদায়		
১২	সুপারশপ	জুন/১৫ ও জুলাই/১৫ মাসের সুপারশপ এর মূসকের হার ২% হতে ৪% বৃদ্ধির কারণে অতিরিক্ত আদায়কৃত মূসকের পরিমাণ (সুপারশপ ভিত্তিক)	কমিশনার	১২ আগস্ট	কমিশনার	প্রতিবেদন প্রস্তুত ও যথাযথ পরিমাণ রাজস্ব আদায়	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	
<b>খ) নিবন্ধন (Registration)</b>								
১	জরিপ কার্যক্রম	কমিশনারেট এর আওতাধীন এলাকায় জরিপ কার্যক্রম পরিচালনা করে নতুন নতুন প্রতিষ্ঠানকে নিবন্ধনের আওতায় আনতে হবে	কমিশনার	২৫ আগস্ট	কমিশনার ও বিভাগীয় কর্মকর্তা	জরিপ তালিকা তৈরি	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	
<b>গ) নিবারক তৎপরতা (Preventive Activities)</b>								
১	ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠান	ঝুঁকিপূর্ণ করদাতা প্রতিষ্ঠানের তালিকা এবং তাদের বিরুদ্ধে গৃহীতব্য কর্ম-পরিকল্পনা তৈরী	কমিশনার	১৬ আগস্ট	কমিশনার	পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন ও রাজস্ব আদায়	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	

২০১৫-১৬ অর্থবছরের রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকৌশল

১। প্রশাসনিক :

১	দাপ্তরিক কঠোর শৃঙ্খলা প্রতিষ্ঠা	কমিশনারেটের সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের নির্ধারিত সময়ে দপ্তরে উপস্থিত হওয়া, দ্রুত কার্য নিষ্পত্তি এবং মূসক আদায়ে জবাবদিহিতা প্রতিষ্ঠার বিষয়গুলো নিশ্চিত করার মাধ্যমে দাপ্তরিক শৃঙ্খলা সুপ্রতিষ্ঠিত করা	কমিশনার	মাসিক প্রতিবেদন প্রতি মাসের ৩ তারিখে	কমিশনার	আচরণ বিধিমালা ১৯৭৯, নিয়মিত উপস্থিতি অধ্যাদেশ ১৯৮২	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।
২	অফিস পরিদর্শন	কমিশনারসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক প্রতি মাসে অন্তত ১বার কমিশনারেট হেড কোয়ার্টারের বিভিন্ন শাখা এবং মাঠ পর্যায়ের বিভাগীয় অফিস ও সার্কেল অফিস নিয়মিত পরিদর্শন করা	কমিশনার	মাসিক প্রতিবেদন প্রতি মাসের ৩ তারিখে	কমিশনার	সচিবালয় নির্দেশমালা ২০১৪	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।
৩	কর্মকর্তাদের প্রশিক্ষণ	অফিস প্রসিডিউর, মূসক আইন ও বিধিমালা বিধানাবলী, নিরীক্ষা, দাখিলপত্র পরীক্ষা, মূল্য ঘোষণা ও রেয়াত যাচাই, স্পট এ্যাসেসমেন্ট ইত্যাদি সম্পর্কে নিয়মিত প্রতি মাসে ইন-হাউজ ট্রেনিং প্রদান	কমিশনার	৩০/১০/২০১৫ ৩১/১২/২০১৫ ৩১/০৩/২০১৬ ৩০/০৬/২০১৬	কমিশনার	প্রশিক্ষণ সূচী, প্রশিক্ষণ প্রতিবেদন প্রণয়ন	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।
৪	উদ্বুদ্ধকরণ কর্মসূচী	VAT Online এর সঙ্গে যোগাযোগপূর্বক কর্মসূচী প্রণয়ন	কমিশনার	২৫ আগস্ট	কমিশনার	তালিকা প্রণয়ন ও কর্মসূচী বাস্তবায়ন	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।
৫	নিয়মিত রাজস্ব আদায় পর্যালোচনা সভা	কমিশনারেট/বিভাগীয় দপ্তর/সার্কেল দপ্তর পর্যায়ে নিয়মিত রাজস্ব পর্যালোচনা সভা অনুষ্ঠান নিশ্চিত করা	কমিশনার/বিভাগীয় কর্মকর্তা	প্রতিমাসের ২০ তারিখে সভা অনুষ্ঠান ও ২২ তারিখের মধ্যে কার্যবিবরণী জারাবোতে প্রেরণ	কমিশনার	রাজস্ব আদায় গতিশীলতা আনয়ন	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।

৬	যথাযথ হিসাব কোডে রাজস্ব জমা প্রদান এবং প্রমাণপত্রভিত্তিক রাজস্ব আদায় তথ্য সরবরাহ	ট্রেজারী চালানোর ক্ষেত্রে সঠিক হিসাবের কোড ব্যবহার করা হয়েছে কি-না এবং উক্ত ট্রেজারী চালান/ এ্যাকাউন্টস অফিসের সনদ এর বিপরীতে রাজস্ব আদায়ের তথ্য প্রদান করা হয়েছে কি-না এ বিষয়টি পরীক্ষা করে নিশ্চিতকরণ;	কমিশনার	প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে এতদসংক্রান্ত প্রতিবেদন জারাবোতে প্রেরণ	কমিশনার	সি টি আর সংগ্রহ	
৭	ইউনিট প্রোফাইল প্রস্তুতকরণ ও তথ্য হালনাগাদকরণ	দাপ্তরিক কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের উদ্দেশ্যে মার্চ পর্যায়ে প্রত্যেক নিবন্ধিত প্রতিষ্ঠানের নামে বোর্ড কর্তৃক প্রদত্ত ছকে ইউনিট প্রোফাইল প্রস্তুতকরণ ও হালনাগাদকরণ	কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা	২৭/২৮ তারিখ প্রতিমাস	কমিশনার	প্রোফাইল তৈরি ও হালনাগাদকৃত	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।
৮	অধিক রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠানের নিবিড় পরিবীক্ষণ	মাসিক ৫ (পাঁচ) লক্ষ টাকা বা এর অধিক বা প্রধান প্রধান রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা এবং পূর্ববর্তী অর্থবছরের রাজস্ব আদায়ের বিপরীতে মাসভিত্তিক রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী প্রণয়ন	কমিশনার	২৫ আগস্ট	কমিশনার	মনিটরিং ও পরিবীক্ষণ বৃদ্ধি	
৯	তুলনামূলক কম রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠান মনিটরিং	প্যাকেজ ভ্যাট প্রতিষ্ঠানসহ কম রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের চলতি অর্থবছরের পরিষ্কৃতি পর্যালোচনাপূর্বক যথাযথ রাজস্ব আদায়	কমিশনার	২৫ আগস্ট	কমিশনার	রাজস্ব আদায়ের গতিশীলতা আনয়ন ও যথাযথ রাজস্ব আদায়	
১০	ব্যবসায়ী পর্যায়সহ অন্যান্য সেবাখাতের প্রতিষ্ঠান চিহ্নিত করে তার গড়ে মাসিক টার্নওভারসহ প্রতিবেদন প্রণয়ন,	ব্যবসায়ী পর্যায়সহ সেবা খাতের প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনপূর্বক মাসিক টার্নওভার নির্ধারণপূর্বক জারাবোতে অবহিতকরণ	কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা	পরবর্তী মাসের ২৯ তারিখ	কমিশনার	তালিকা প্রণীত ও প্রেরিত	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।
১১	ই-মেইল সংযোগ :	সকল সার্কেল অফিসে ই-মেইল সংযোগ প্রদানের ব্যবস্থাকরণ;	কমিশনার	২০ আগস্ট	কমিশনার	ইমেইল সংযোগ স্থাপন	
১২	ওয়েবসাইট চালুর ব্যবস্থাকরণ	সম্মানিত করদাতাগণের জন্য তথ্য ও উন্নত সেবা প্রদান সহজতর করার উদ্দেশ্যে সকল কমিশনারেটের একটি dynamic website publish করার ব্যবস্থা নেয়া এবং তার লিংক জাতীয় রাজস্ব বোর্ডের Website এর সহিত স্থাপন করা;	কমিশনার	৩০ সেপ্টেম্বর	কমিশনার	ওয়েবসাইট স্থাপন	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।

২। রাজস্ব সংক্রান্তঃ								
ক. পণ্য খাতঃ								
১	সিগারেট, বিড়ি ও তামাক জাতীয় পণ্যের রাজস্ব বৃদ্ধি	বিড়ি, সিগারেট, জর্দা, গুলসহ তামাক জাতীয় পণ্যের ক্ষেত্রে ধার্যকৃত প্রবৃদ্ধি অনুযায়ী রাজস্ব আদায় নিশ্চিত করা ও জারাবোতে প্রতিবেদন প্রেরণ	কমিশনার	২৯ তারিখ প্রতিমাস	কমিশনার	যথাযথ রাজস্ব আদায় ও প্রতিবেদন প্রেরণ	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	
২	মূল্য ঘোষণা হালনাগাদকরণ	আইটেমভিত্তিক উৎপাদ-উপকরণ সহগ ও মূল্য ঘোষণার যথার্থতা পরীক্ষাকরণ ও হালনাগাদকরণ	কমিশনার	পরবর্তী মাসের ৭ তারিখ	কমিশনার	মূল্য ঘোষণা হালনাগাদকৃত	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	মূসক বিধিমালার বিধি ৩(৭) মোতাবেক ব্যবস্থা গ্রহণার্থে কার্যক্রম নিয়মিতভাবে সম্পাদন; কমিশনারের নিকট প্রতিবেদন প্রেরণ;
৩	নিয়মিত দাখিলপত্র প্রদানের হার বৃদ্ধি ও দাখিলপত্র পরীক্ষা	যে সব প্রতিষ্ঠানের ক্ষেত্রে দাখিলপত্র দাখিলের বাধ্যবাধকতা রয়েছে তারা যেন নিয়মিত মাসিক দাখিলপত্র (মূসক-১৯) স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করে সে ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা এবং বোর্ডে প্রতিবেদন প্রেরণ;	কমিশনার	মাসের ৭ তারিখ	কমিশনার	দাখিলপত্র প্রদান নিয়মিতকরণ	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	
খ. সেবা খাতঃ								
১	মিষ্টান্ন ভাণ্ডার, শীতাতপ নিয়ন্ত্রিত রেস্তোরাঁ, কমিউনিটি সেন্টার, শপিংমল বা সুপার স্টোরের মূসক আদায়	এ সকল খাতে যেন মূসক আদায়ের জন্য অগ্রাধিকার ভিত্তিতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা	কমিশনার	পরবর্তী মাসের ৭ তারিখ	কমিশনার	করদাতাদের মূসক প্রদানের ক্ষেত্রে হিসাব নিকাশের যথাযথ পরিপালন বৃদ্ধি	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৭৫.১০.০০৪.১২, তারিখঃ ১১/০৮/২০১৪ খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক কার্যক্রম নেয়া যেতে পারে
২	উৎসে কর্তিত মূসক আদায়	বার্ষিক ১ (এক) কোটি টাকার উপর টার্নওভার আছে এরূপ ব্যক্তি মালিকানাধীন/অংশীদারী প্রতিষ্ঠানসহ মোট ১০ ধরনের উৎসে কর্তনকারী প্রতিষ্ঠান হতে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০১৪, তারিখ : ০৫-০৬-১৪ খ্রিঃ মোতাবেক উৎসে কর্তিত মূসকের বিবরণী প্রস্তুত ও জারাবোতে মাসিক প্রতিবেদন প্রেরণ	কমিশনার	পরবর্তী মাসের ৭ তারিখ	কমিশনার	উৎসে কর্তিত মূসকের হিসাবপ্রাপ্তি	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	

৩		উৎসে কর্তনকারী প্রতিষ্ঠানের নাম-ঠিকানা, প্রধান নির্বাহীর নাম ও টেলিফোন নম্বরসহ হালনাগাদ তালিকা প্রণয়ন;	কমিশনার/বিভাগীয় কর্মকর্তা	পরবর্তী মাসের ৭ তারিখে রাজস্ব তথ্য প্রেরণ করতে হবে।	কমিশনার	উৎসে আদায়যোগ্য রাজস্বের সঠিক ব্যক্তির সহিত যোগাযোগ করা	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।
৪		উক্ত তালিকার বিপরীতে বিগত অর্থবছর এবং চলতি অর্থবছরে কর্তিত রাজস্বের পরিমাণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করে উৎসে কর্তিত/ সংগৃহীত রাজস্ব আদায়ের হিসাবে প্রদর্শন করার ব্যবস্থা গ্রহণ; এবং	কমিশনার		যুগ্ম কমিশনার	উৎসে আদায়কৃত রাজস্বের সঠিক হিসাব নিরূপণ	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।
৫		উৎসে কর্তনের ক্ষেত্রে ফরম মূসক ১২(খ) যাচাই, সংশ্লিষ্ট এ্যাকাউন্টস অফিসের সনদ গ্রহণ এবং উক্ত সনদের তথ্য তালিকা বা রেজিস্টারে রক্ষিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রাজস্ব প্রদানের তথ্যের সাথে মিলকরণ এবং বোর্ডে প্রতিবেদন প্রেরণ;	কমিশনার		কমিশনার	আদায়কৃত রাজস্বের যথাযথতা যাচাইকরণ	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।
৬	ECR/POS ব্যবহার	ECR/POS এর আওতাভুক্ত হবে এমন প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতকরণ। যে সমস্ত প্রতিষ্ঠান পূর্বে ECR ব্যবহার করত কিন্তু বর্তমানে করেনা তাদের ব্যাপারে জরিপ কার্যক্রম পরিচালনা করা।	কমিশনার	১৬ আগস্ট	যুগ্ম কমিশনার	উদ্ভেদ এর ব্যবহার বৃদ্ধি	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।

১	জবাবদিহিতা ও স্বচ্ছতা	প্রচেষ্টা নির্ভর খাতে প্রবৃদ্ধির হার, কর্মকর্তাদের বিফলতা এবং Non-performance এর জন্য রাজস্ব আহরণের ক্ষেত্রে ব্যর্থতাগুলোর জন্য তার দায়িত্ব নির্ধারণ এবং প্রতিবেদন বোর্ডে প্রেরণ	কমিশনার	প্রতি তিন মাস অন্তর	কমিশনার	এ মর্মে আদেশ জারী , প্রতিবেদন তৈরী	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	APA এর শর্তানুযায়ী কর্মচারীদের Performance A, B, C তিন গ্রেডে বিভক্ত করে মন্তব্য ও ব্যাখ্যাসহ জাতীয় রাজস্ব বোর্ডকে জানাতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থা এবং প্রতিবেদন বোর্ডে প্রেরণ করতে হবে।
২	সঠিক করদায়িত্ব নিরূপন	খাতভিত্তিক প্রতিষ্ঠানের তালিকা তৈরী করে প্রতিটি প্রতিষ্ঠানের রাজস্ব প্রদানের গতি প্রকৃতি পর্যালোচনাপূর্বক প্রয়োজনে প্রতিষ্ঠান নিরীক্ষা	কমিশনার	পরবর্তী মাসের ২৯ তারিখ	কমিশনার	করদায়িত্ব নিরূপনের প্রতিবেদন তৈরি	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	২৬ ধারায় কার্যক্রম গ্রহণ, স্পট এ্যাসেসমেন্ট, আলোচনা, দাখিলপত্র পরীক্ষা ইত্যাদির মাধ্যমে প্রতিষ্ঠানের করদায়িত্ব নির্ধারণ করে তদানুযায়ী রাজস্ব আহরণের ব্যবস্থা নেয়া;
৩	নতুনভাবে আরোপিত মূসক, সম্পূরক শুল্ক ও সারচার্জ আদায়	নতুনভাবে যে সকল পণ্য/সেবা খাতে মূসক, সম্পূরক শুল্ক ও সারচার্জ আরোপ করা হয়েছে সে সকল খাতকে বিশেষ নজরদারির মাধ্যমে রাজস্ব আদায় নিশ্চিতকরণ।	কমিশনার	২৫ আগস্ট	কমিশনার	নজরদারী বৃদ্ধি ও রাজস্ব আদায়	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	যে সকল খাতের সংকুচিত মূল্য ভিত্তি বৃদ্ধি করা বা প্রত্যাহার করা হয়েছে সে সকল খাতে ১৫% হারে মূসক আদায় নিশ্চিত করা
নিরীক্ষা কার্যক্রম ৪								
১	নিরীক্ষা পরিকল্পনা	আগামী ২০১৫-১৬ অর্থবছরের মূল্য সংযোজন কর প্রদানকারী অন্যান্য প্রতিষ্ঠানের নিরীক্ষা পরিকল্পনা	কমিশনার	২৫ আগস্ট	কমিশনার	ত্রৈমাসিক ও বাৎসরিক পরিকল্পনা প্রণয়ন	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	
২	অধিক রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠান	৫ (পাঁচ) লক্ষাধিক টাকার উপরে রাজস্ব প্রদান করে এমন প্রতিষ্ঠানের মধ্য থেকে কমপক্ষে ২০টির নিরীক্ষা কার্য সম্পাদন	কমিশনার	২৫ আগস্ট	কমিশনার	সম্ভাব্য সকল খাতের প্রদেয় রাজস্ব নির্ধারণ ও আদায়	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	

৩	স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি বোর্ডে প্রতিবেদন প্রেরণ।	মুসক/সেবা প্রতিষ্ঠানের ত্রৈমাসিক নিরীক্ষা পরিকল্পনা তৈরি করতে হবে। ত্রৈমাসিক অডিট প্ল্যান প্রণয়ন তৈরি করে তদানুযায়ী অর্ধবার্ষিক ও বার্ষিক নিরীক্ষা পরিচালনা করতে হবে	কমিশনার	৩১ মার্চ প্রতিবছর	রাজস্ব কর্মকর্তা	ত্রৈমাসিক পরিকল্পনা হালনাগাদকরণ	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	
৪	বকেয়া রাজস্ব আদায়	নিরঙ্কুশ চূড়ান্ত বকেয়া রাজস্ব আদায়ের ব্যবস্থা গ্রহণ	কমিশনার	৩০ অক্টোবর	কমিশনার	বকেয়া রাজস্ব বিবরণী তৈরি ও রাজস্ব আদায়	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	৩১ আগস্ট/১৫ এর মধ্যে বকেয়া রাজস্ব বিবরণী বোর্ডে প্রেরণ করতে হবে
৫	ইটভাটা	ইটভাটা খাতে প্রযোজ্য বকেয়া রাজস্ব সমূহ আদায় করতে হবে	কমিশনার	৩১ আগস্ট	কমিশনার	সেকশনওয়ারী যথাযথ রাজস্ব আদায়	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	
৬	বকেয়া রাজস্ব আদায়	বকেয়া তালিকা হালনাগাদ করা এবং বকেয়া রাজস্বের মধ্যে যে সব ক্ষেত্রে উচ্চতর আদালতে কোন প্রকার মামলা নেই অথবা আদালতের কোন নিষেধাজ্ঞা নেই, ঐ সকল প্রতিষ্ঠানকে চিহ্নিত করে পৃথকভাবে তালিকা প্রণয়ন করা	কমিশনার	পরবর্তী মাসের ১০ তারিখ	কমিশনার	বকেয়া রাজস্ব আদায় বৃদ্ধি	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	অনতিবিলম্বে অনাদায়ী রাজস্ব আদায়ের ব্যবস্থা গ্রহণ এর উদ্দেশ্যে ধারা ৫৬ এবং বিধি ৪৩ প্রয়োগ করা
৭	টার্নওভার কর আদায়	টার্নওভার করের আওতায় তালিকাভুক্ত প্রতিষ্ঠানের ঘোষণাপত্র দাখিলের জন্য (মুসক-২খ) পত্র প্রেরণ করা। নির্ধারিত সময়ের মধ্যে টার্নওভার ঘোষণাপত্র দাখিলে ব্যর্থ হলে আইনানুগ কার্যক্রম গ্রহণ করা।	কমিশনার	পরবর্তী মাসের ৭ তারিখ	রাজস্ব কর্মকর্তা/সহকারী রাজস্ব কর্মকর্তা	টার্নওভার ঘোষণাপত্র দাখিল যথাযথকরণ	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	

৮	বন্ধ প্রতিষ্ঠানের কার্যক্রম গ্রহণ	বন্ধ প্রতিষ্ঠানের উপকরণ ও তৈরি পণ্যের মজুদ যথাসময়ে লিপিবদ্ধকরণ ও বন্ধ প্রতিষ্ঠানের কার্যক্রম ও অস্তিত্ব যাচাইপূর্বক আইনি ব্যবস্থাগ্রহণ	কমিশনার	পরবর্তী মাসের ৭ তারিখ	কমিশনার	প্রতিষ্ঠান ভিত্তিক তথ্য হালনাগাদকরণ	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	
গ) মামলা নিষ্পত্তি								
১	মামলা নিষ্পত্তি	প্রতি তিন মাসের মধ্যে ১০% মামলা নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ	কমিশনার	৩০ সেপ্টেম্বর	কমিশনার ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট	মামলা নিষ্পত্তির বিবরণী ও রাজস্ব আদায়	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা	
২		২০১৫-১৬ অর্থবছর শেষে কমিশনারেটে বিদ্যমান মামলাসমূহের ৪০% মামলা নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করে মূসক আদায় করতে হবে ;	কমিশনার	৩০ সেপ্টেম্বর ৩১ ডিসেম্বর ৩১ মার্চ ৩০ জুন				
৩	আকস্মিক পরিদর্শন	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২৬ এর বিধান মোতাবেক করদাতার উৎপাদন/সরবরাহ বা সেবা প্রদানস্থল আকস্মিক পরিদর্শন	কমিশনার	পরবর্তী মাসের ২০ তারিখ	কমিশনার	সর্বশেষ পরিস্থিতি হালনাগাদকরণ	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	
৪	বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) কার্যকর করার ব্যবস্থা গ্রহণ এবং বোর্ডে প্রতিবেদন প্রেরণ।	মহামান্য হাইকোর্টে বিচারাধীন মামলাসমূহের মধ্যে মেরিট ভিত্তিক মামলা তুলে নিয়ে ADR Facilitator এর মাধ্যমে বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থার মাধ্যমে নিষ্পত্তি mobilize করা	কমিশনার	প্রতিমাসের ২০ তারিখ	কমিশনার	এডিআরের মাধ্যমে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	

৫	প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ বৃদ্ধিকরণ	রাজ্য বিবেচনায় গুরুত্বপূর্ণ বা লক্ষ্যমাত্রার তুলনায় পিছিয়ে রয়েছে এমন প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগের মাধ্যমে রাজ্য লক্ষ্যমাত্রা এবং প্রদেয় যথাযথ রাজস্ব অর্জনের প্রচেষ্টা গ্রহণ করা	কমিশনার	পরবর্তী মাসের ১৫ তারিখ	রাজস্ব কর্মকর্তা/সহকারী রাজস্ব কর্মকর্তা	সম্মত করদাতাদেরও সহিত সম্পর্কের উন্নয়ন	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	
৬	নিবারক ও পরিবীক্ষণ কার্যক্রম জোরদারকরণ	কোন প্রতিষ্ঠান যাতে মূসক চালানপত্র বিহীনভাবে কোন পণ্য চালান বা সেবা সরবারহ করতে না পারে, একই চালানপত্র একাধিক বার বা অসত্য চালান ব্যবহারের মাধ্যমে রাজস্ব ফাঁকি না দিতে পারে সে লক্ষ্যে সদর দপ্তরসহ সকল বিভাগীয় দপ্তর বাস্তবায়ন কার্যক্রম জোরদার করা এবং নিয়মিত মনিটর করা	কমিশনার	পরবর্তী মাসের ১৫ তারিখ	যুগ্ম কমিশনার	প্রণীত পরিকল্পনা অনুযায়ী মনিটরিং বৃদ্ধির হার	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা	
৭	প্রচার-প্রচারণা	করদাতাগণকে রাজস্ব প্রদানে উৎসাহিত করে Self Compliance বৃদ্ধির লক্ষ্যে বছরব্যাপী সভা-সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করা;	কমিশনার	পরবর্তী মাসের ১৫ তারিখ	অতিরিক্ত কমিশনার	জনসম্পৃক্ততা বৃদ্ধি	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	রেডিও, টিভি ও পত্রিকায় ব্যাপকভাবে বিজ্ঞাপন প্রচার ও গুরুত্বপূর্ণ বিষয়ে বুকলেট/প্রচারপত্র বিতরণের ব্যবস্থা করা
৮	২০১৫-২০১৬ অর্থবছরে প্রণীত বাজেটের গ্রহণ।	ঘোষিত বাজেটের পরিপ্রেক্ষিতে অর্থবিল, প্রজ্ঞাপন, এসআরও, আদেশ, তফসীল প্রভৃতি অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।	কমিশনার		কমিশনার	ঘোষিত বাজেটের বাস্তবায়ন	অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	

৪। চেয়ারম্যান মহোদয়ের নির্দেশ মোতাবেক সুশাসন প্রতিষ্ঠা এবং আধুনিক ব্যবস্থাপনা কাঠামো উন্নয়নের লক্ষ্যে সকল পর্যায়ে সম্পর্কোন্নয়ন/যোগাযোগ বৃদ্ধির ক্ষেত্রে 5S”; “মুখ্য কার্য সম্পাদনের ক্ষেত্রে 5F”; “মুখ্য/মূল উদ্দেশ্য অর্জন/বাস্তবায়নের ক্ষেত্রে 5I” এবং “সার্বিক মানসম্পন্ন ব্যবস্থাপনা নিশ্চিত করার ক্ষেত্রে QTTT” এবং দুর্নীতি, হয়রানি, শৃঙ্খলাভংগ ও অসদাচরণ রোধে “ Zero Tolerance” নীতি অনুসরণ করা। তাছাড়া, ইমেইলযোগে প্রেরিত চেয়ারম্যান মহোদয় কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী কমিশনারগণের দপ্তরের বিদ্যমান মানবসম্পদ, মূল কার্যাবলী, দায়িত্ব পরিপালন বিষয়ক ইত্যাদি তথ্য সংক্ষেপে প্রতিমাসেই প্রণয়ন করা এবং চেয়ারম্যান মহোদয়ের নির্দেশ মোতাবেক পরিপালন নিশ্চিত করা।

( মোঃ এনায়েত হোসেন )  
সদস্য (মুসক-বাস্তবায়ন ও আইটি)

নথি নং-০৮.০১.০০০০.০৭৫.০৬.০০১.১৪

তারিখঃ /০৭/২০১৫ খ্রিঃ।

কাযার্থে বিতরণঃ

- ১-১২। কমিশনার, কাস্টমস, এঞ্জইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/,ঢাকা (দক্ষিণ)/, ঢাকা (পূর্ব)/, ঢাকা (পশ্চিম)/ ,চট্টগ্রাম/, কুমিল্লা/, রাজশাহী/, রংপুর/, খুলনা/, যশোর/, সিলেট/, বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ১৩। মহাপরিচালক, মুসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২-৪। পি এ টু সদস্য (মুসক-নিরীক্ষা ও গোয়েন্দা/বাস্তবায়ন ও আইটি/নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।

(মোহাম্মদ এনামুল হক)  
দ্বিতীয় সচিব (মুসক-মনিঃ পরিঃ ও সমন্বয় )